

Prime Minister participates in India-Denmark Business Forum in Copenhagen

May 03, 2022

প্রধানমন্ত্রী কোপেনহেগেনে ভারত- ডেনমার্ক বাণিজ্য ফোরামে অংশ নিয়েছেন

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী, ডেনমার্কের প্রধানমন্ত্রী মেটে ফ্রেডেরিকসেন এবং সেদেশের যুবরাজ ফ্রেডেরিকের সঙ্গে কনফেডারেশন অফ ড্যানিশ ইন্ডাস্ট্রিতে ভারত-ডেনমার্ক বাণিজ্য ফোরামের আলোচনায় অংশ নিয়েছেন।

প্রধানমন্ত্রী দু-দেশের অর্থনীতির পরিপূরক দক্ষতা সংক্রান্ত বিষয়গুলির ওপর গুরুত্ব দেন। ভারতে পরিবেশ বান্ধব প্রযুক্তি, কোল্ড চেন, বর্জ্য থেকে সম্পদ, জাহাজ চলাচল এবং বন্দরের মতো ক্ষেত্রে যে বিপুল সম্ভাবনা রয়েছে সেগুলিকে কাজে লাগানোর জন্য ডেনিশ সংস্থাগুলিকে তিনি আমন্ত্রণ জানিয়েছেন। শ্রী মোদী ভারতের বাণিজ্য বান্ধব উদ্যোগের সম্পর্কে বিস্তারিত জানান। যৌথভাবে কাজ করার সুযোগের সদ্ব্যবহারের জন্য তিনি দু-দেশের বাণিজ্যিক সংস্থাগুলিকে আমন্ত্রণ জানান।

ডেনমার্কের প্রধানমন্ত্রী ফ্রেডেরিকসেন দুটি দেশের মধ্যে সেতুবন্ধ রচনায় ব্যবসায়ী সম্প্রদায়ের ভূমিকার কথা তুলে ধরেন।

অনুষ্ঠানে ভারত ও ডেনমার্কের .যে সব ক্ষেত্রের ব্যবসায়িক সংস্থাগুলির সদস্যরা যোগ দিয়েছেন সেগুলি হল:-

> পরিবেশ বান্ধব প্রযুক্তি, উদ্ভাবন ও ডিজিটাইজেশন

- জ্বালানী মুক্ত ও পুনর্নবীকরণযোগ্য শক্তি
- জল, পরিবেশ ও কৃষি
- পরিকাঠামো, পরিবহন ও পরিষেবা

বাণিজ্য ফোরামে বিভিন্ন বাণিজ্যিক প্রতিষ্ঠানের শীর্ষ কর্মকর্তারা যোগ দেন।

ভারতের বাণিজ্যিক প্রতিনিধিদলে ছিলেন:-

বাজার ফিনসারভ লিমিটেডের চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর শ্রী সঞ্জীব বাজাজ , ভারত ফরজের চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর শ্রী বাবা এন কল্যানী, ডালমিয়া সিমেন্ট (ভারত) লিমিটেডের ম্যানেজিং

ডিরেক্টর ও মুখ্য কার্যনির্বাহী আধিকারিক শ্রী মহেন্দ্র সিংধি, হিন্দুস্তান পোর্টস প্রাইভেট লিমিটেডের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক ও ম্যানেজিং ডিরেক্টর শ্রী রিজওয়ান সুমার, হীরানন্দানী গ্রুপের চেয়ারম্যান শ্রী দর্শন হীরানন্দানী, ইন্ডিয়ান হোটেলস কোম্পানী লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর ও মুখ্য কার্যনির্বাহী আধিকারিক শ্রী পুনিত ছাতওয়াল, ইনভেস্ট ইন্ডিয়ান ম্যানেজিং ডিরেক্টর ও মুখ্য কার্যনির্বাহী আধিকারিক শ্রী দীপক বাগলা, ওয়োরুমসের প্রতিষ্ঠাতা ও মুখ্য কার্যনির্বাহী আধিকারিক শ্রী ঋতেশ আগরওয়াল, পিআই ইন্ডাস্ট্রিস প্রাইভেট লিমিটেডের চেয়ারম্যান এমিরিটাস শ্রী সলিল সিংঘল, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ান শ্রী দীনেশ খাঁড়া, টেক মাহিন্দ্রা লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর ও মুখ্য কার্যনির্বাহী আধিকারিক শ্রী সিপি গুরনানি ও সুজলোন এনার্জি লিমিটেডের শ্রী তুলসী তাঁতি ।

ডেনমার্কের বাণিজ্যিক প্রতিনিধিদলে ছিলেন:-

এভিকের মালিক নিলস আগে কজের, বায়েট্রের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক পেটর পাল্লিসোজ, কারলসবাগের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক সিস্ট হার্ট , কোপেনহেগেন ইনফ্রাস্ট্রাকচার পার্টনারসের ম্যানেজিং পার্টনার ইয়াকোব বারুএল পলসন, সিওডব্লুআই অ্যান্ড সিমেন্স উইন্ড পাওয়ারের চেয়ারম্যান জুঙ্কা পারটোলা, ড্যানফোসের মালিক ইয়োরগেন মাদস ক্লাউসেন, ডিএসভি-র চেয়ারম্যান টোমাস প্লেনবোর্গ, ফসের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক কিম ভেঞ্জি হাঙ্গেন , গ্রুন্ডফসের চেয়ারম্যান জেম্স মোবার্গ, হাল্ডার টোপোসের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক রোল্যান্ড বান, হেম্পলের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক লারস পেটারসন, আইএসএসের চেয়ারম্যান নিলস স্মেডেগার্ড, এল এম উইন্ড পাওয়ার ব্লেডের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক অলিভার ফল্টান, রামবোলের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক জ্যা-পিটার সাউল, রকউলের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক জ্যা বির্গারসন এবং ওরস্টেডের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক ম্যাডস নিপার।

কোপেনহেগেন

মে 03, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.